

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হ্যরত মির্যা  
মসরুর আহমদ খলীফাতুল মসীহ আল খামেস (আই.) গত ০২ জুন, ২০২৩ শক্রনের বাইতুল ফুতুহ  
মসজিদে প্রদত্ত জুমুআর খুতবায় বদরের যুদ্ধের প্রেক্ষাপটে মহানবী (সা.)-এর জীবনচরিত সম্পর্কে  
আলোকপাত করেন।

তাশাহুহুদ, তাআউয ও সূরা ফাতিহা পাঠের পর হ্যুর (আই.) বলেন, বদরী সাহাবীদের জীবনের বিভিন্ন দিক, তাঁদের পরিচয় ও তাঁদের কুরবানী সম্পর্কে ধারাবাহিকভাবে খুতবায় বর্ণনা করা হয়েছে যার প্রেক্ষিতে অনেকে এই ইচ্ছা ব্যক্ত করেছেন যে, মহানবী (সা.)-এর জীবনচরিত যদি বর্ণনা না করা হয় তাহলে অপূর্ণতা থেকে যায় কেননা মূল কেন্দ্রবিন্দু ছিলেন মহানবী (সা.)-এর সত্তা যাঁর চতুর্পার্শ্বে সাহাবীরা প্রদক্ষিণ করতেন। যাঁর সাহচর্যে থেকে সাহাবীরা কুরবানী করার অতুলনীয় গুণ অর্জন করেছিলেন।

হ্যুর বলেন, মহানবী (সা.)-এর জীবনের বিভিন্ন দিক নিয়ে পূর্বেও বিভিন্ন খুতবায় আলোচনা করা হয়েছে, কিন্তু তাঁর (সা.) জীবনের প্রতিটি দিক এত বিস্তৃত যে, তা একাধিক খুতবাতেও বর্ণনা করে শেষ করা সম্ভব নয়। বরং প্রতিটি খুতবাতেই তাঁর জীবনচরিতের কোনো না কোনো দিক বর্ণিত হয়ে থাকে, কেননা এটিই আমাদের জীবনের মূল কেন্দ্রবিন্দু বা আকর্ষণ আর তাঁকে বাদ দিয়ে আমাদের ধর্ম এবং আমাদের স্মান পূর্ণতা লাভ করে না এবং শরীয়তের ওপর ঘোলো আনা আমলও হতে পারে না।

হ্যুর (আই.) বলেন, বদরের যুদ্ধের প্রেক্ষাপটে মহানবী (সা.)-এর জীবনী বর্ণনা করা হবে, কেননা মহানবী (সা.)-এর জীবনাদর্শের আলোকেই সাহাবীরা নিঃস্বার্থ কুরবানী করার অনুপ্রেরণা লাভ করেন এবং শহীদ, গাজী ও আল্লাহ তা'লার প্রিয়ভাজন হওয়ার সৌভাগ্য লাভ করেন।

বদরের যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে হ্যরত মির্যা বশীর আহমদ সাহেব এম এ (রা.) তাঁর সীরাত খাতামান্বারীস্বরূপ পুস্তকে লিখেন, “মহানবী (সা.)-এর মুক্তি জীবনে কুরাইশগণ মুসলমানদের ওপর যে অত্যাচার-নিপীড়ন করেছে এবং ইসলামকে ধ্বংস করার জন্য যেসব ষড়যন্ত্র করেছে তা যে কোনো যুগে ও অবস্থায় দুই জাতির মাঝে যুদ্ধের সূচনার জন্য যথেষ্ট। তাঁদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে মুসলমানরা যখন আবিসিনিয়ায় হিজরত করে তখন তাঁরা সেখানেও পৌঁছে যায় এবং নাজ্জাশীর দরবারে গিয়ে মুসলমানদেরকে ফেরত আনার চেষ্টা করে। মহানবী (সা.)-কে বিভিন্নভাবে কষ্ট দেয় এবং তাঁর পক্ষে কুরাইশদের সমগ্রত্বে এক খোদার নাম নেয়ার কারণে তাঁর (সা.) প্রতি পাথর নিক্ষেপ করে তাঁকে রক্ষাকৃত করে। অবশেষে তাঁর নিজেদের জাতীয় পার্লামেন্ট (দ্বারকন্ত নাদওয়ায়) মহানবী (সা.)-কে হত্যার সিদ্ধান্ত নেয়। এই ষড়যন্ত্র বাস্তবায়নের লক্ষ্যে তাঁরা রাতের আধারে মহানবী (সা.)-এর বাড়িতে আক্রমণ করে, কিন্তু খোদা তা'লা তাঁকে রক্ষা করেন

এবং তিনি (সা.) শক্রদের চোখে ধুলো দিয়ে সওর গুহায় আশ্রয় গ্রহণ করেন। কুরাইশদের এহেন অত্যাচার-নিপীড়ন এবং খুনী চক্রান্তই ছিল যুদ্ধের ঘোষণার নামান্তর এবং কোনো জাতি যদি আআহত্যা করতে না চায় তাহলে এমন পরিস্থিতিতে আআরক্ষামূলক যুদ্ধ করা তাদের জন্য আবশ্যিক হয়ে দাঁড়ায়। মুসলমানদের জায়গায় যদি অন্য কোনো জাতি হতো তবে তারা নিশ্চিতভাবে অনেক পূর্বেই কুরাইশদের বিরুদ্ধে যুদ্ধ ক্ষেত্রে ঝাঁপিয়ে পড়তো। কুরাইশদের অত্যাচার যখন বেড়ে যায় তখন আব্দুর রহমান বিন অওফ ও অন্যান্য সাহাবীরা মহানবী (সা.)-এর সমীপে উপস্থিত হয়ে কুরাইশদের মোকাবিলা করার অনুমতি প্রার্থনা করেন। তখন তিনি (সা.) বলেন, “উমিরতু বিল আফয়ে ফালা তুক্বাতিলু” অর্থাৎ আমাকে এখনও পর্যন্ত ক্ষমার নির্দেশ দেয়া হয়েছে তাই আমি তোমাদেরকে লড়াই করার অনুমতি দিতে পারি না। অতঃপর অত্যাচারের মাত্রা যখন ছাড়িয়ে যায় এবং খোদা তা'লার দৃষ্টিতে ইত্মামে হজ্জত বা দলীল-প্রমাণ অকাট্যরূপে উপস্থাপন করা হয় তখন খোদা তা'লা হিজরতের অনুমতি প্রদান করেন। মহানবী (সা.)-এর হিজরত মূলত কাফিরদের আলটিমেটাম গ্রহণ করার নামান্তর ছিল।

মহানবী (সা.) যতদিন মক্কায় ছিলেন সকল প্রকার অত্যাচার সহ্য করেছেন, কিন্তু কুরাইশদের বিরুদ্ধে তরবারি ধারণ করেন নি, কেননা প্রথমত কুরাইশদের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেয়ার পূর্বে আল্লাহ তা'লার সুন্নত অনুযায়ী অকাট্য দলীল-প্রমাণ উপস্থাপন আবশ্যিক ছিল। তৃতীয়ত খোদা তা'লার উদ্দেশ্য ছিল মুসলমানরা যেন চুড়ান্ত পর্যায় পর্যন্ত ক্ষমা ও ধৈর্যের দৃষ্টান্ত উপস্থাপন করে যার পরে নীরব থাকা আআহত্যার নামান্তর। তৃতীয়ত মক্কায় কুরাইশদের এক প্রকার গণতান্ত্রিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত ছিল। যতদিন তিনি (সা.) মক্কায় ছিলেন সেই শাসনব্যবস্থার সম্মান করেছেন এবং শান্তি বিহু হয় এমন কোনো পদক্ষেপ তিনি নিজের পক্ষ থেকে গ্রহণ করেননি। চতুর্থত এটিও আবশ্যিক ছিল যে, যতক্ষণ পর্যন্ত তাঁর (সা.) জাতি খোদা তা'লার দৃষ্টিতে শাস্তির যোগ্য না হয় ততক্ষণ পর্যন্ত তিনি তাদের মাঝে অবস্থান করেন। কেননা খোদা তা'লার রীতি অনুযায়ী নবী যতদিন জাতির মাঝে অবস্থান করেন ততদিন পর্যন্ত শাস্তি অবতীর্ণ হয় না।

মহানবী (সা.)-এর মদীনায় হিজরতের পর মক্কার কুরাইশরা যদি ইসলামের বিরোধিতা থেকে বিরত হতো তাহলে তখনও তাদের ক্ষমা লাভের সুযোগ ছিল। কিন্তু তারা পূর্বের চেয়ে আরও প্রবলভাবে বিরোধিতা আরম্ভ করে। মহানবী (সা.)-এর হিজরতের কথা জানতে পেরে তারা তাঁকে ধরে আনার জন্য একশ' উট পুরক্ষার ঘোষণা করে যা বর্তমান যুগে কোটি কোটি টাকার সমপরিমাণ। সেই সাথে তারা মদীনার নেতৃবৃন্দের কাছে হুমকি দিয়ে পত্র লিখে যে, যদি তারা মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ না করে এবং তাঁকে মদীনা থেকে বের করে না দেয় তাহলে কুরাইশরা সমবেতভাবে তাদের ওপর আক্রমণ করবে। আব্দুল্লাহ বিন উবাই বিন সলূল ও তার প্রতিমাপূজারী সাথীরা যখন এই পত্র পায় তখন তারা মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সমবেত হয়। মহানবী (সা.) যখন এ সম্পর্কে জানতে পারেন তখন তিনি তাদেরকে বলেন, তারা তোমাদের ততটা ক্ষতি সাধন

করতে পারবে না যতটা তোমরা নিজেদের ভাইয়ের বিরুদ্ধে অন্ধধারণ করার মাধ্যমে করবে।

হ্যুর বলেন, কুরাইশরা এতেই ক্ষান্ত হয়নি। তারা আরবের বিভিন্ন গোত্রের যোগসাজশে তাদেরকে মুসলমানদের বিরুদ্ধে উৎক্ষে দেয়। এক কথায় সমগ্র আরব মুসলমানদের মোকাবিলার জন্য প্রস্তুত হয়ে যায়। এমনকি সেই দিনগুলোতে মুসলমানরা রাতে অন্ধ সাথে নিয়ে ঘুমাতেন। স্বয়ং মহানবী (সা.) শক্রদের আক্রমণের আশঙ্কায় বিনিন্দ্র রাত যাপন করতেন। এ সময় সম্পর্কে পবিত্র কুরআনে এভাবে উল্লেখ রয়েছে,

وَإِذْ كُرُوا إِذْ أَنْتُمْ قَلِيلٌ مُّسْتَضْعِفُونَ فِي الْأَرْضِ تَخَافُونَ أَن يَتَكَبَّرُوكُمُ الْنَّاسُ فَأَوْا كُمْ وَأَيْدِيْكُمْ بِنَصْرٍ وَرَزْقٍ مِّنْ  
الظِّبَابِ لَعْلَكُمْ تَشْكُرُونَ

অর্থাৎ “হে মুসলমানগণ! আর স্মরণ করো তোমরা যখন খুবই স্বল্প ছিলে, দেশে দুর্বল বলে গণ্য হতে (এবং) তোমরা ভয় করতে যে, কোথাও লোকেরা তোমাদেরকে ছোঁ মেরে না নিয়ে যায়, তখন তিনি তোমাদের আশ্রয় দিলেন এবং তাঁর সাহায্যের মাধ্যমে তোমাদের সমর্থন যোগালেন আর পবিত্র জীবিকা তোমাদের দান করলেন যাতে তোমরা কৃতজ্ঞ হও।” (সুরা আল-আনফাল: ২৭)

হ্যুর বলেন, এটি ছিল মদীনার বাহিরের অবস্থা আর মদীনার অভ্যন্তরীণ অবস্থাও স্থিতিশীল ছিল না। প্রথমত, একদিকে অওস ও খায়রাজ গোত্রের বড় একটি অংশ মুশারিক ছিল এবং বাহ্যত ভাই-বান্ধব হওয়া সত্ত্বেও এহেন পরিস্থিতিতে তাদের ওপর ভরসা করা সম্ভব ছিল না। দ্বিতীয়ত, মুনাফিকদের দল ছিল; যারা বাহ্যত মুসলমান হলেও আশঙ্কার কারণ ছিল। তৃতীয়ত, ইহুদিদের সাথে একটি চুক্তি হয়েছিল ঠিকই, কিন্তু তাদের কাছে এই চুক্তির কোনো মূল্যই ছিল না। এমন নাজুক পরিস্থিতিতে মহানবী (সা.)-এর প্রতি খোদা তাঁলার পক্ষ থেকে তরবারির যুদ্ধ সংক্রান্ত ওহী অবতীর্ণ হয়। তরবারির যুদ্ধ সংক্রান্ত সর্বপ্রথম সূরা হাজ্জ এর ৪০-৪১ নং আয়াত ২য় হিজরীর ১২ই সফর মোতাবেক ১৫ই আগস্ট ৬২৩ খ্রিষ্টাব্দে অবতীর্ণ হয়। জিহাদ ফরয হওয়ার পর মহানবী (সা.) কুরাইশদের অনিষ্ট থেকে মুসলমানদের সুরক্ষিত রাখার জন্য চারটি পরিকল্পনা গ্রহণ করেন। প্রথমত, তিনি স্বয়ং সফর করে আশেপাশের বিভিন্ন গোত্রের সাথে শান্তি চুক্তি করেন। দ্বিতীয়ত, ছোট ছোট গোয়েন্দা দল প্রেরণ করে কাফিরদের গতিবিধি সম্পর্কে সংবাদ সংগ্রহ করেন। তৃতীয়ত, এসব দল প্রেরণের আরেকটি উদ্দেশ্য ছিল মক্কা ও এর আশেপাশের দরিদ্র মুসলমানদেরকে মদীনায় নিয়ে আসা। চতুর্থত, কুরাইশদের সেসব ব্যাবসায়িক কাফেলার গতি রোধ করা যা মদীনার পাশ দিয়ে সিরিয়াতে গমন করত। কেননা এই কাফেলাগুলো যে পথ দিয়ে যেত তার আশেপাশের গোত্রগুলোকে তারা মুসলমানদের বিরুদ্ধে প্ররোচিত করতো। তাছাড়া এই কাফেলাগুলো অন্ধশস্ত্রে সজ্জিত থাকত যার ফলে মদীনার এত নিকট দিয়ে তাদের যাতায়াত মুসলমানদের জন্য আশঙ্কার কারণ ছিল। আর কুরাইশদের অর্থ উপার্জনের বড় মাধ্যম ছিল ব্যবসা, তাই এ পথে বাধা সৃষ্টি করার

মাধ্যমে তাদেরকে শান্তি চুক্তি করতে বাধ্য করাও উদ্দেশ্য ছিল। ইতিহাস থেকে এটি প্রমাণিত যে, যেসব বিষয় কুরাইশদেরকে চুক্তি করতে বাধ্য করেছিল তার মধ্যে একটি অন্যতম কারণ হলো, ব্যাবসায়িক কাফেলার পথে বাধা সৃষ্টি করা। কেননা এসব ব্যবসার লভ্যাংশ তারা ইসলামকে ধ্বংস করার কাজেও ব্যবহার করত, বরং কোনো কোনো কাফেলা শুধুমাত্র এই উদ্দেশ্যেই প্রেরণ করা হতো। তাই প্রত্যেকে এটি বুঝতে পারবে যে, এসব কাফেলার পথে বাধা সৃষ্টি করা একান্তই বৈধ বিষয় ছিল।

হ্যুর (আই.) বলেন, এই বর্ণনার ধারা অব্যাহত থাকবে, ইনশাআল্লাহ্।

এরপর হ্যুর (আই.) সম্প্রতি প্রয়াত চারজনের স্মৃতিচরণ করেন। তারা হলেন, মুকাররম খাজা মুনির উদ্দিন কমর সাহেব, মুকাররম ডাঃ মির্যা মুবাশ্শের আহমদ সাহেব, মুকাররমাহ সৈয়দা আমাতুল বাসিত সাহেবা এবং মুকাররম শরীফ আহমদ বন্দেশা সাহেব। হ্যুর তাদের সংক্ষিপ্ত স্মৃতিচরণ করেন এবং তাদের বিদেহী আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করে দোয়া করেন।

[ প্রিয় পাঠকবৃন্দ! হ্যুরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হ্যুরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হ্যুরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, [www.mta.tv](http://www.mta.tv) এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট [www.ahmadiyyabangla.org](http://www.ahmadiyyabangla.org) -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাদেশকের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)